



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ,
কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd



নম্বর: ২৮.১৩.০০০০.৪৮৪.০৬.০০১.২১.৩১১

২৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

দপ্তরদেশ নং-১৪/২০২৪

কোম্পানির ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় প্রি-পেইড মিটার ডুপ্লিকেট রিচার্জ কার্ড ইস্যুকরণ প্রদানে নিম্নরূপ প্রক্রিয়া অনুসৃত হবেঃ

ক. প্রি-পেইড মিটারযুক্ত গ্রাহকদের ডুপ্লিকেট রিচার্জ কার্ড ইস্যুর আবেদন www.titas.prepaidgas.gov.bd লিংকের মাধ্যমে জমা গ্রহণের বিষয়ে কোম্পানির ওয়েব পেইজে বর্ণিত লিংক প্রদর্শনসহ কার্যকর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

খ. প্রি-পেইড মিটারযুক্ত গ্রাহকদের ডুপ্লিকেট রিচার্জ কার্ড ইস্যু করার ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্রাহকের অনলাইনে জমাকৃত গ্রাহক সম্পর্কিত প্রাথমিক তথ্য, সর্বশেষ রিচার্জ কার্ডের তথ্য, জিডি নম্বর (অনলাইন হলে লিংক) ও তারিখ এবং এনআইডি সংক্রান্ত তথ্য যাচাইসহ জারিকৃত প্রস্তাবিত প্রক্রিয়া অনুসরণ করে ডুপ্লিকেট রিচার্জ কার্ড ইস্যু করতে হবে;

গ. বর্ণিত সেবা প্রত্যাশী গ্রাহকগণকে অনলাইনে আবেদন প্রক্রিয়াটি জানানোর লক্ষ্যে সংশ্লিষ্ট বিভাগকে বিষয়টি প্রিন্ট, ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঘ. নির্ধারিত চার্জ পরিশোধ করে কুরিয়ার সার্ভিসের মাধ্যমে ডুপ্লিকেট রিচার্জ কার্ড সংশ্লিষ্ট গ্রাহক বরাবর প্রেরণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

ঙ. বর্ণিত ডিজিটাইজড সেবাটি চালু পরবর্তীতে ইস্যুকারী কার্যালয় কর্তৃক উক্ত ডুপ্লিকেট রিচার্জ কার্ড ইস্যু সংক্রান্ত সকল তথ্য ও পরিসংখ্যান সংরক্ষণ করতে হবে।

এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

১১-০৩-২০২৪

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক

৫৫০১২৭০৯

titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.৪৮৪.০৬.০০১.২১.৩১১/১ (১১)

২৭ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সাধারণ)- সকল;
- ২। মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল;
- ৩। মহাব্যবস্থাপক (হিসাব)- সকল;
- ৪। উপমহাব্যবস্থাপক (সাধারণ) সকল;
- ৫। উপমহাব্যবস্থাপক (কারিগরি) সকল;
- ৬। উপমহাব্যবস্থাপক (হিসাব) সকল;
- ৭। ব্যবস্থাপক (কারিগরি)- সকল;
- ৮। ব্যবস্থাপক (সাধারণ)- সকল;
- ৯। ব্যবস্থাপক (হিসাব)- সকল;
- ১০। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং
- ১১। সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।




Suhon

১১-০৩-২০২৪
সারওয়াজ জাহান
উপমহাব্যবস্থাপক

প্রি-পেইড ডুপ্লিকেট রিচার্জ কার্ড ইস্যুকরণ প্রক্রিয়া (প্রস্তাবিত)

মোট ধাপ: ০৬ টি
মোট সময়: ১ দিন-২ দিন



বিদ্যমান ও প্রস্তাবিত প্রক্রিয়ার তুলনামূলক (T,C এবং V) বিশ্লেষণ

ক্র. নং	বিবরণ	বিদ্যমান প্রসেস	প্রস্তাবিত প্রসেস
১	মোট ধাপ (সংখ্যা)	৮	৬
২	মোট সময় (সবোর্ড), দিন	৪	২
৩	মোট খরচ (টাকা, যাতায়াত বাবদ)	১০০০/-	৫০০/-*
৪	মোট ভিজিট (বার)	২	১**

বি.দ্র. গ্রাহক কর্তৃক সাদা কাগজ এর পরিবর্তে নির্ধারিত অনলাইন ফরমে আবেদন গ্রহণ করা সম্ভব হচ্ছে।

* গ্রাহক কর্তৃক স্ব-শরীরে সংগ্রহের ক্ষেত্রে প্রযোজ্য, অন্যথায় হোম ডেলিভারী হলে নির্ধারিত ডেলিভারী চার্জ প্রযোজ্য।

** গ্রাহক কর্তৃক স্ব-শরীরে সংগ্রহের ক্ষেত্রে।